# জনগণের ভোটেই নির্ধারিত হবে অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশের পথ: আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপি নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, সামনে যে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে তা দেশের ভবিষ্যৎ রাষ্ট্রকাঠামো নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তাঁর ভাষায়, জনগণই সিদ্ধান্ত দেবে বাংলাদেশ একটি অংশগ্রহণমূলক ও সবার জন্য সমান সুযোগের রাষ্ট্রে রূপ নেবে কি না।

জাতীয়তাবাদী কৃষক দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এ বক্তব্য দেন।

তিনি বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকেই বিএনপি গণতন্ত্র ও জনগণের মালিকানার পক্ষে অবস্থান করে আসছে। আগামী দিনে তারেক রহমানের নেতৃত্বে দলটি এমন এক বাংলাদেশ গঠনের লক্ষ্য নিয়ে এগোচ্ছে, যেখানে ধর্ম-বর্ণ নির্বিশেষে প্রতিটি নাগরিক সমান মর্যাদা ও অধিকার ভোগ করবে। জনগণের কাছে রাষ্ট্রের মালিকানা ফিরিয়ে দেওয়ার মাধ্যমেই সেই অন্তর্ভুক্তিমূলক কাঠামো প্রতিষ্ঠিত হবে বলে মন্তব্য করেন তিনি।

LENS ASIA